# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০১৫-২০১৬/২৮০(১২৫০) তারিখঃ ২১-০৯-২০১৫

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। উপ-মহাব্যস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে বছরের শুরুতেই কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগ, কৃষি ঋণ মনিটরিং উপ-বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ৩১-০৮-২০১৫ তারিখের পত্র নং-এসিডি(এমডি)/৩৬(৩)/২০১৫-৩৫৯০ মোতাবেক নিম্নোক্ত বিষয়ক নির্দেশনা প্রদানপূর্বক শাখা/কার্যালয়ের কৃষি ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতি নিয়মিতভাবে মনিটরিং করার জন্য পরামর্শ দেয়া হয়েছে।

- ২০১৫-২০১৬ অর্থবছরে কৃষি ও পল্লী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে ঋণ বিতরণের মাসিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের জন্য শাখা ব্যবস্থাপকদের প্রয়োজনীয় নির্দেশ প্রদানের পাশাপাশি সাপ্তাহিক ভিত্তিতে অগ্রগতি প্রেরণ করতে হবে;
- কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী অনুযায়ী চলতি ২০১৫-২০১৬ অর্থবছরে মৎস্য ও প্রাণীসম্পদ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী অনুযায়ী কৃষি ঋণের মোট লক্ষ্যমাত্রার নূন্যতম ৬০% ঋণ শস্য খাতে বিতরণ করতে হবে;
- চলতি ২০১৫-২০১৬ অর্থবছরে কৃষি ও পল্লী ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে অর্থ বছরের শুরুতেই কার্যকর কৌশল অবলম্বনপূর্বক শ্রেণীকৃত ঋণ আদায় করতঃ শ্রেণীকৃত ঋণের হার একটা সম্মানজনক পর্যায়ে নামিয়ে আনার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে;
- কৃষি ও পল্লী ঋণ বিতরণের নির্ভুল তথ্য প্রদান করতে হবে। প্রেরিত বিবরণীতে প্রদর্শিত তথ্যের গুণগতমান পর্যালোচনায় ভুল উদ্‌ঘাটিত হলে জবাবদিহীতার আওতায় আনা হবে।

০২। চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের শরুতেই ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক তা শতভাগ অর্জনের জন্য প্রয়োজনীয় কলাকৌশল ও নির্দেশনাসহ পত্র/পরিপত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে শাখা পর্যায়ে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা বন্টনপূর্বক ঋণ বিতরণ কার্যক্রম শুরু করা হলেও অগ্রগতি মোটেই সন্তোষজনক নয়। অধিকাংশ শাখা/অঞ্চলে পূর্ববর্তী বছরের তুলনায় কম ঋণ বিতরণ হয়েছে-যা কোন অবস্থায়ই কাম্য নয়। শস্য, মৎস্য ও প্রাণীসম্পদ কৃষি ঋণের প্রধান ৩টি খাত (Core sector) হিসেবে বিবেচিত। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে শস্য খাতে ব্যাপক ঋণ বিতরণের কোন বিকল্প নেই। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নির্দেশানুযায়ী কৃষি ঋণের মোট লক্ষ্যমাত্রার নূন্যতম ৬০% ঋণ শস্য খাতে বিতরণ করতে হবে। তাছাড়া প্রাণীজ আমিষ ও পুষ্টি ঘাটতি পুরণের লক্ষ্যে Core sector এর অন্যতম অপর ২টি খাত যথা- মৎস্য ও প্রাণীসম্পদ খাতেও পর্যাপ্ত পরিমান ঋণ বিতরণ করতে হবে। গতানুগতিক ভাবে এবং ঋণ বিতরণ প্রবাহ বৃদ্ধি না করা হলে বছর শেষে প্রদত্ত লক্ষ্যমাত্রার ১০০% অর্জন করা সম্ভব হবে না। কাজেই শাখাসমূহের প্রত্যেক মাঠকর্মীর মধ্যে ঋণ বিতরণের মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সাপ্তাহিক ভিত্তিতে পরিধারণ করতে হবে। কোন মাঠকর্মী সংশ্লিষ্ট মাসিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সে ক্ষেত্রে পূর্ববর্তী মাসের ঘাটতি পূরনসহ পরবর্তী মাসের লক্ষ্যমাত্রা অর্জন আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে।

০৩। চলতি ২০১৫-২০১৬ অর্থবছরে কৃষি ও পল্লী ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে এখন থেকেই প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ হতে সম্প্রতি জারীকৃত কলাকৌশল অবলম্বনপূর্বক পর্যাপ্ত শ্রেণীকৃত ঋণ আদায় করতঃ শ্রেণীকৃত ঋণের হার একটা সম্মানজনক পর্যায়ে নামিয়ে আনার জন্য সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। উল্লেখ্য, গত ০৯-০৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের বার্ষিক সম্মেলন-২০১৫ তেও পরিকল্পনা মাফিক গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে পারফরমিং এসেট বৃদ্ধি, শ্রেণীকৃত ঋণ আদায়ের যাবতীয় কলাকৌশল অবলম্বনপূর্বক ব্যাপক ঋণ আদায়সহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়।

চলমান পাতা/০২

০৪। মাঠ পর্যায় থেকে ব্যাংকের সকল পরিচালনগত তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, ব্যাংকের পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ব্যাংক ও মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সরবরাহ করা হয়ে থাকে। কিন্তু মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যগত কোন ভুল থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিব্রতকর অবস্থার সম্মুখীন হতে হয়। কাজেই প্রধান কার্যালয়ের চাহিদা অনুযায়ী নির্ভুল/সঠিক তথ্য সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। পরিচালনগত কোন ভুল তথ্য-উপাত্ত প্রেরণ করা হলে এবং তা পরবর্তীতে পরিদর্শন/নিরীক্ষা দল কর্তৃক উদ্ঘাটিত হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/কার্যালয় প্রধানের উপর বর্তাবে।

০৫। বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা/কার্যালয় পরিদর্শনকালে শাখা/কার্যালয়সমূহ কর্তৃক উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন এবং শাখা/কার্যালয়ের কার্যক্রম সাপ্তাহিক ভিত্তিতে নিয়মিত মনিটরিং করবেন। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা নিরীক্ষাকালে উপরোক্ত নির্দেশনা শাখাসমূহ কর্তৃক যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন।

০৬। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,

অনুমোদনক্রমে-

(এ,আর,এম আনিস উজজামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০১৫-২০১৬/২৮০(১২৫০) তারিখঃ ২১-০৯-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। সকল উপ-মহব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপ-মহব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৬